গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

স্মারক নাম্বার- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৩.২৩-৬৯৭ তারিখ: ১০.০৯.২০২৩

**বিষয়: স্যালাইন উৎপাদন, চাহিদা, স্যালাইনের সাপ্লাই চেইন বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: অত্র কমিশনের স্মারক নং- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৩.২৩-৬৯৫, তারিখ: ০৪.০৯.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের মূল্য বৃদ্ধির বিষয়ে গত ৩১.০৮.২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের পাশাপাশি সাম্প্রতিক সময়ে স্যালাইনের মূল্য বৃদ্ধি/চাহিদার তুলনায় স্যালাইনের ঘাটতি/সরকারি হাসপাতালগুলোর দৈনিক স্যালাইনের চাহিদা ও তার বিপরীতে সরবরাহ ইত্যাদি বিষয়ে স্যালাইন উৎপাদনকারী ০৭ টি প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় করে সুপারিশমালা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এর ধারাবাহিকতাক্রমে ১০.০৯.২০২৩ তারিখে কমিশনের চেয়ারপার্সনের সভাপতিত্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার যেমন: স্যালাইন উৎপাদনকারী ০৬ টি প্রতিষ্ঠান, এসবি, এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড, ঔষধ প্রশাসন অধিদপ্তর এর সম্মানিত প্রতিনিধিবৃন্দের সাথে সভা করা হয়।

০২। ডেঙ্গু পরিস্থিতির কারণে কৃত্রিম সংকট তৈরি করে কেউ যাতে স্যালাইন সংকট পরিস্থিতির উদ্ভব ঘটাতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার জন্য কমিশনের চেয়ারপার্সন সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেডের স্যালাইন প্ল্যান্ট বন্ধ আছে। অন্যান্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহে দৈনিক তিন শিফটে স্যালাইন উৎপাদন করা হচ্ছে যার মোট পরিমান এক লক্ষ নব্বই হাজার ব্যাগ। তিন লক্ষ ব্যাগ স্যালাইন আমদানি করা হয়েছে এবং তা শীঘ্রই দেশে এসে পৌঁছবে। সভায় আলোচনাকালে জানা যায় যে, রাজধানী এলাকায় চাহিদার বিপরীতে ৫০% স্যালাইন সরবরাহ আছে তবে রাজধানীর বাইরে চাহিদার তুলনায় সরবরাহের পরিমাণ আরো কম। সভায় এ মর্মে আলোচনা হয় যে, চাহিদা ও উৎপাদনের পরিমাণ এবং তার সাথে সরবরাহের পরিমাণের পরিসংখ্যান বিশ্লেষণ করলে স্যালাইন সরবরাহ প্রক্রিয়ায় অসাধু তৎপরতার প্রয়াস সম্পর্কে প্রাথমিক ধারণা পাওয়া যায়। এ বিষয়ে তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা প্রদান করার জন্য চেয়ারপার্সন মহোদয় সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সভায় জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের ২২.০৮.২০২৩ তারিখের ১৪৪০ নং স্মারকের উদ্ধৃতি দিয়ে জানানো হয় যে, ভোলা জেলার ফাতেমা ড্রাগ হাউজ ও মা জননী ড্রাগ হাউজের লাইসেন্স বাতিলের বিষয়ে প্রস্তাব করা হয়েছিল। বিষয়টি এখনও কার্যকর হয় নি মর্মে সভায় জানা যায়। এছাড়া সভায় স্বাস্থ্য সেবা বিভাগের ২৪.০৭.২০২৩ তারিখের 'ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের মূল্য বৃদ্ধি' সংক্রান্ত এবং ০৯.০৫.২০২৩ তারিখের 'ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের অত্যাধিক মূল্য বৃদ্ধিতে জনজীবনে দুর্ভোগ' সংক্রান্তে বিশেষ প্রতিবেদন এর বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সম্মানিত প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়:-

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

(৩.১) বর্তমান ডেঙ্গু পরিস্থিতিকে কেন্দ্র করে কেউ যাতে স্যালাইনের কৃত্রিম সংকট তৈরির মাধ্যমে জনজীবনে দুর্ভোগ সৃষ্টি করতে না পারে সে লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের ২৪.০৭.২০২৩ তারিখের ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০৩.২১.১৩৪ নং স্মারকের আলোকে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়;

(৩.২) স্যালাইনসহ বিভিন্ন ওষুধের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, ষড়যন্ত্রমূলক যোগসাজশ, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার ইত্যাদি অবস্থা সম্পর্কে তথ্য-উপাত্ত থাকলে প্রতিযোগিতা আইন, ২০১২ এর আলোকে সেগুলোর প্রতিকারকল্পে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়;

(৩.৩) ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের ২২.০৮.২০২৩ তারিখের ২৬.০৪.০০০০.১১১.৩২.০৩৩.২৩.১৪৪০ নং স্মারকের আলোকে ভোলা জেলাধীন ফাতেমা ড্রাগ হাউস ও মা জননীর ড্রাগ হাউজ নামক প্রতিষ্ঠানের বিরুদ্ধে গৃহিত ব্যবস্থার আপডেট জানানোর জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়;

(৩.৪) বেশি দামে ওষুধ বিক্রয় প্রতিরোধে বা কোনো অভিযোগ পেলে ঔষধ প্রশাসন অধিদপ্তর ও জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে মর্মে ১৭.০৫.২০২৩ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সিদ্ধান্ত হয় (বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, এসপি ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ও মার্কেট ইন্টেলিজেন্স, ক্যাব, এনএসআই, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন)। উক্ত সিদ্ধান্তের আলোকে গৃহিত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে শেয়ার করার জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর ও জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

০৪। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে স্যালাইনসহ বিভিন্ন ওষুধ ও চিকিৎসা উপকরণের বাজার ব্যবস্থাপনা স্থিতিশীল রাখার লক্ষ্যে উপরের ৩ নং অনুচ্ছেদের সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহায়তা কামনা করা হয়।

Rhmakbir
১০.০৯.২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)
মুঠোফোন: ০১৭১১৫৭০৫৬৪
ই-মেইল: alaol.kabir@gmail.com

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নাম্বার- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৩.২৩-৬৯৭ তারিখ: ১০.০৯.২০২৩

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

০১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০৩। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০৪। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা (এসবি), বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০;
০৫। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা-১২১৫;
০৬। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা;
০৭। পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

Rhmakbir
১০.০৯.২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)